



তারিখ: ০৯ অক্টোবর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

WVPA Hall of Honour 2025'-এ প্রফেসর ড. এমদাদুল হক চৌধুরী নির্বাচিত
ময়মনসিংহ, বাংলাদেশ - অক্টোবর ২০২৫

ওয়ার্ল্ড ভেটেরিনারি পোলট্রি অ্যাসোসিয়েশন (World Veterinary Poultry Association - WVPA) প্রফেসর ড. এমদাদুল হক চৌধুরী-কে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ 'WVPA Hall of Honour 2025'-এ অন্তর্ভুক্ত করেছে। এই সম্মাননা তাঁর দীর্ঘ গবেষণা, শিক্ষা ও নেতৃত্বের মাধ্যমে পোলট্রি ভেটেরিনারি বিজ্ঞানের উন্নয়নে অসাধারণ অবদানকে স্বীকৃতি দেয়।

৬-১০ অক্টোবর ২০২৫ তারিখে মালয়েশিয়ার কুচিং শহরে আয়োজিত ২৩তম WVPA কংগ্রেসে এই মর্যাদাপূর্ণ আন্তর্জাতিক স্বীকৃতি ঘোষণা ও প্রদান করা হয়। আনুষ্ঠানিক পুরস্কার প্রদান অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় ৯ অক্টোবর ২০২৫ সকাল ১০টায় বোর্নিও কনভেনশন সেন্টার কুচিং-এ। এ কংগ্রেসে বাংলাদেশ থেকে ২০ এর অধিক সদস্য অংশগ্রহণ করে।

প্রফেসর ড. চৌধুরী বর্তমানে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (BAU) প্যাথলজি বিভাগের একজন সিলেকশন গ্রেড প্রফেসর এবং বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য। তিনি দীর্ঘ তিন দশকেরও বেশি সময় ধরে পোলট্রি রোগ নির্ণয়, বায়োসিকিউরিটি, এবং সীমান্ত পেরিয়ে আসা রোগের নজরদারি (Transboundary Disease Surveillance) বিষয়ে অগ্রণী গবেষণা পরিচালনা করেছেন। তাঁর গবেষণা ও একাডেমিক অবদানের মধ্যে রয়েছে ১৭৫টিরও বেশি আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত প্রবন্ধ, ১০০-রও বেশি স্নাতকোত্তর শিক্ষার্থীর তত্ত্বাবধান, এবং FAO ও icddr,b-এর সহযোগিতায় বায়ো-সিকিউরিডি লাইভ বার্ড মার্কেট স্থাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা।

তিনি বর্তমানে WVPA বাংলাদেশ শাখার সভাপতি ও করেসপন্ডিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন এবং এর মাধ্যমে দেশি-বিদেশি বিজ্ঞানীদের মধ্যে জ্ঞান বিনিময়, আন্তর্জাতিক সম্মেলন আয়োজন, ও নবীন গবেষকদের পেশাগত বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন।

'WVPA Hall of Honour 2025'-এ প্রফেসর চৌধুরীর অন্তর্ভুক্তি বাংলাদেশের জন্য এক ঐতিহাসিক মাইলফলক, যা বৈজ্ঞানিক গবেষণা, শিক্ষা ও পোলট্রি স্বাস্থ্য খাতে দেশের বৈশ্বিক নেতৃত্বকে আরও সুসংহত করেছে।

WVPA বাংলাদেশ শাখা (WVPA-BB) প্রফেসর ড. এমদাদুল হক চৌধুরী-কে এই আন্তর্জাতিক স্বীকৃতির জন্য আন্তরিক অভিনন্দন জানাচ্ছে।

যোগাযোগ:

ড. মো. নুরুল ইসলাম শাওন

সাধারণ সম্পাদক, WVPA বাংলাদেশ শাখা

ই-মেইল: dvmsawon@gmail.com

টেলিফোন: +৮৮০ ১৭১৪-০৯৫১৬৮ (হোয়াটসঅ্যাপ)

